গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মোহনগঞ্জ, নেত্রকোণা
www.mohonganj.netrokona.gov.bd

স্মারক নম্বর:০৫.৪৫.৭২৬৩.০০০.৩৩.০০২.২৩.(অংশ-২)-১৫ তারিখ: ০৫ জানুয়ারি ২০২৬

"জলমহাল ইজারা প্রদানের নিমিত্ত আবেদন আহবান"
(বিজ্ঞপ্তি নম্বর-০১/২০২৬)

সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুযায়ী মোহনগঞ্জ উপজেলা প্রশাসনের ব্যবস্থাপনাধীন (২০ একর পর্যন্ত বদ্ধ) ইজারাযোগ্য জলমহাল ১৪৩৩-১৪৩৫ বঙ্গাব্দ ০৩ (তিন) বছর মেয়াদে (০১ বৈশাখ ১৪৩৩ হতে ৩০ চৈত্র ১৪৩৫ পর্যন্ত) সাধারণ আবেদনের মাধ্যমে ইজারা প্রদানের জন্য ভূমি মন্ত্রণালয়ের সায়রাত-১ শাখার ২৩ নভেম্বর ২০২৫ তারিখের ৩১.০০.০০০০.০০০.০৫০.৬৮.০০২৩.২৫.৭০৪ নম্বর স্মারকে জারিকৃত প্রজ্ঞাপন অনুযায়ী নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি লি:/সদস্যগণের নিকট হতে নির্ধারিত সময়সূচি, নিয়মাবলি/শর্তাবলি ও চেকলিস্ট অনুসরণপূর্বক আবেদন আহবান করা যাচ্ছে।

"সময়সূচি"

| অনলাইনে আবেদন দাখিল | অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের বিডি/পে-অর্ডারের মূল কপি সিলগালাকৃত মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল |
|---|---|
| ০১ মাঘ ১৪৩৩ বঙ্গাব্দ/১৫.০১.২০২৬ খ্রি.<br>থেকে<br>১৫ মাঘ ১৪৩৩ বঙ্গাব্দ/২৯.০১.২০২৬ খ্রি. | ১৮ মাঘ ১৪৩৩ বঙ্গাব্দ ০১.০২.২০২৬ খ্রি.<br>থেকে<br>২০ মাঘ ১৪৩৩ বঙ্গাব্দ/০৩.০২.২০২৬ খ্রি. (সকাল ৯ টা থেকে বিকাল ৫ টা পর্যন্ত) |

| ক্রম: নং | তারিখ | কার্যদিবস | গৃহীত কার্যক্রম |
|---|---|---|---|
| ১. | ০১ মাঘ থেকে ১৫ মাঘের মধ্যে (১৫ জানুয়ারি থেকে ২৯ জানুয়ারির মধ্যে) | ১৫ দিন | অনলাইনে ইজারার আবেদন দাখিল। |
| ২. | ১৮ মাঘ থেকে ২০ মাঘের মধ্যে (০১ ফেব্রুয়ারি থেকে ০৩ ফেব্রুয়ারির মধ্যে) | ০৩ (তিন) কার্যদিবস | অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সিলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল। |
| ৩. | ২২ মাঘ থেকে ২৮ মাঘের মধ্যে (০৫ ফেব্রুয়ারি থেকে ১১ ফেব্রুয়ারির মধ্যে) | ০৫(পাঁচ) কার্যদিবস | অনলাইনে প্রাপ্ত আবেদনসমূহ এবং দাখিলকৃত প্রিন্টেড কপি যাচাই-বাছাই । |
| ৪. | ২৯ মাঘ থেকে ০৫ ফাল্গুনের মধ্যে (১২ ফেব্রুয়ারি থেকে ১৮ ফেব্রুয়ারির মধ্যে) | ০৫ (পাঁচ) কার্যদিবস | উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন ও অনুমোদন। |
| ৫. | ০৬ ফাল্গুন থেকে ২৬ ফাল্গুনের মধ্যে (১৯ ফেব্রুয়ারি থেকে ১১ মার্চের মধ্যে) | ১৫(পনের) কার্যদিবস | ইজারা অনুমোদনের জন্য জেলা প্রশাসক বরাবর প্রেরণ এবং জেলা প্রশাসক কর্তৃক অনুমোদন। |
| ৬. | ২৭ ফাল্গুন থেকে ০২ চৈত্রের মধ্যে ১২ মার্চ থকে ১৬ মার্চের মধ্যে) | ০৩(তিন) কার্যদিবস | উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ইজারাদেশ প্রদান ও ইজারাগ্রহীতাকে অবহিতকরণ। |
| ৭. | ০৩ চৈত্র থেকে ১৫ চৈত্রের মধ্যে (১৭ মার্চ থেকে ২৯ মার্চের মধ্যে) | ০৭ (সাত) কার্যদিবস | ইজারাগ্রহীতা কর্তৃক নির্ধারিত কোডে সাকুল্য ইজারামূল্য ও অন্যান্য সরকারি করাদি জমা প্রদান এবং ইজারা গ্রহীতার সাথে চুক্তি সম্পাদান। |
| ৮. | ১ বৈশাখ (১৪ এপ্রিল) | - | ইজারা গ্রহীতাকে জলমহালের দখল বুঝিয়ে দেয়া। |

**জলমহালের তালিকা**
**১৪৩৩ বঙ্গাব্দে ২০(বিশ) একর পর্যন্ত ইজারাযোগ্য বদ্ধ জলমহালের তালিকা:**

| ক্রমিক নং | উপজেলার নাম | ইজারাযোগ্য জলমহালের নাম | মৌজা | আয়তন (২০ একর পর্যন্ত) | বার্ষিক সরকারি ইজারা মূল্য | ইজারার মেয়াদ (বঙ্গাব্দ) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১ | মোহনগঞ্জ | ফলাউড়া বিল | বামনীকোণা, ফাগুয়া | ১৮.০০ একর | ২৩৯৮৭৮.০০ | ১৪৩৩ হতে ১৪৩৫ | |
| ২ | -ঐ- | মরাকংশ | চানপুর, গাগলাজুর | ১৩.০০ একর | ২৩১৫৩.০০ | ১৪৩৩ হতে ১৪৩৫ | |
| ৩ | -ঐ- | গুজারদিঘী | বিরামপুর | ১৯.১১ একর | ১৯৫০৪.০০ | ১৪৩৩ হতে ১৪৩৫ | |
| ৪ | -ঐ- | নকতি বিল | কুলপতাক | ৬.৪১ একর | ১২৩৩০.০০ | ১৪৩৩ হতে ১৪৩৫ | |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ৫ | -ঐ- | রৌহা বিল | কলুংকা | ৯.৬৮ একর | ৩৪১৭৩.০০ | ১৪৩৩ হতে ১৪৩৫ | কোন জলমহালের বিষয়ে কোন মামলায় আদালতের নিষেধাজ্ঞা থাকলে কিংবা বিজ্ঞ আদালতের ইজারা সংক্রান্ত কোন প্রকার ভিন্নরূপ সিদ্ধান্ত থাকলে উক্ত জলমহালটি ইজারার ক্যালেন্ডারের তালিকা হতে বাদ দেয়া হয়েছে বলে গণ্য হবে। |
| ৬ | ঐ- | নিমাইকোণা বিল | বানিয়াহারী | ১৪.৫০ একর | ৬৯৪৬.০০ | ১৪৩৩ হতে ১৪৩৫ | |
| ৭ | ঐ- | গোড়াউত্রা | বার্ত্তাকোণা | ১৭.২০ একর | ৩৪১৭৩.০০ | ১৪৩৩ হতে ১৪৩৫ | |
| ৮ | -ঐ- | হানবীর খাল | হানবীর | ৪.০৫ একর | ১৩৮৯২.০০ | ১৪৩৩ হতে ১৪৩৫ | |
| ৯ | -ঐ- | গলগলি মল্লিকপুর খাল | গলগলি মল্লিকপুর | ১১.৩০ একর | ১১৫৭৬.০০ | ১৪৩৩ হতে ১৪৩৫ | |
| ১০ | -ঐ- | মইদা বিল | কামারগাঁও | ১৬.৭৪ একর | ৪২২১৪.০০ | ১৪৩৩ হতে ১৪৩৫ | |
| ১১ | -ঐ- | ভাটিয়া বিল | ভাটিয়া | ১.৮৬ একর | ৫৭৮৯.০০ | ১৪৩৩ হতে ১৪৩৫ | |
| ১২ | -ঐ- | দত্তখিলা | ঝিমটি, নিছকী, আখৈলখলা | ১৯.৫৫ একর | ১৫৩১৫৪.০০ | ১৪৩৩ হতে ১৪৩৫ | |
| ১৩ | -ঐ- | আংগাং | বসন্তিয়া, রতিয়ারকোণা | ১৫.১০ একর | ১১৫৫০৪.০০ | ১৪৩৩ হতে ১৪৩৫ | |
| ১৪ | -ঐ- | সরিষা হিম্মতপুর খাল | সরিষা হিম্মতপুর | ০৮.০০ একর | ১৬৮৮৭.০০ | ১৪৩৩ হতে ১৪৩৫ | |
| ১৫ | -ঐ- | পাবইপাড়া পুকুর | পাবইপাড়া | ০.৭৬ একর | ৬৩৮৩.০০ | ১৪৩৩ হতে ১৪৩৫ | |
| ১৬ | -ঐ- | মাইজহাটী খাল | মাইজহাটী | ১০.৫৪ একর | ৬৩৮৩.০০ | ১৪৩৩ হতে ১৪৩৫ | |
| ১৭ | -ঐ- | আনদি বিল | সুয়াইর | ৭.১৬ একর | ৬৩৮৩.০০ | ১৪৩৩ হতে ১৪৩৫ | |
| ১৮ | -ঐ- | ভেইট্রা বিল | মানশ্রী | ৮.৯৬ একর | ৬৩৮৩.০০ | ১৪৩৩ হতে ১৪৩৫ | |
| ১৯ | -ঐ- | পাবইপাড়া বিল | পাইবপাড়া | ০.৩০ একর | ২৫৫৪.০০ | ১৪৩৩ হতে ১৪৩৫ | |
| ২০ | -ঐ- | ডাকুয়াদি | হাতনী , বানিহারী | ৬.৫৫ একর | ১২১২৮১.০০ | ১৪৩৩ হতে ১৪৩৫ | |
| ২১ | -ঐ- | টেংগাপাড়া খাল | টেংগাপাড়া, নওহাল, কাজিয়াটি, বন্দে পালেহা | ৫.৯৭ একর | ৬৭০২.০০ | ১৪৩৩ হতে ১৪৩৫ | |
| ২২ | -ঐ- | জনদপুর বিল | জনদপুর | ৪.৭২ একর | ৭৩৯১.০০ | ১৪৩৩ হতে ১৪৩৫ | |
| ২৩ | -ঐ- | গাধুয়া বিল | সুয়াইর | ১১.৫১ একর | ৭৬৫৯.০০ | ১৪৩৩ হতে ১৪৩৫ | |
| ২৪ | -ঐ- | সাতুর পুকুর | সাতুর | ০.৩৫ একর | ২৫৫৪.০০ | ১৪৩৩ হতে ১৪৩৫ | |

**‘নিয়মাবলি’**

১. অনলাইনে আবেদন দাখিল সংক্রান্ত নির্দেশিকা অনুযায়ী নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির সভাপতি/সম্পাদককে মন্ত্রণালয়ের ওয়েবসাইটে অথবা jm.lams.gov.bd লিংকে রেজিস্ট্রেশন সম্পন্ন করে অনলাইনে আবেদন দাখিল করতে হবে। এ সংক্রান্ত নির্দেশিকা উক্ত ওয়েবসাইটে আপলোড করা হয়েছে।

২. যে সকল জলমহালের উপর উর্ধ্বতন কর্তৃপক্ষের/মন্ত্রণালয়ের স্থগিতাদেশ/সিদ্ধান্তের অপেক্ষায় অথবা কোনো আদালতের স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থার আদেশ রয়েছে সে সকল জলমহালের উপর বর্ণিত আদেশ প্রত্যাহারের পর কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে। এছাড়া পরবর্তীতে কোনো জলমহালের উপর অনুরূপ আদেশ হলেও সংশ্লিষ্ট জলমহালের ইজারা কার্যক্রম স্থগিত থাকবে।

৩. জলমহালের ইজারা সংক্রান্ত বিজ্ঞপ্তিটি (www. mohongonj.netrokona.gov.bd ) ওয়েবসাইটেও পাওয়া যাবে।

৪. জলমহালের আবেদন দাখিলের সকল শর্তাদি উপজেলা ওয়েবপোর্টাল ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের নোটিশ বোর্ড হতে জানা যাবে।

৫. সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুযায়ী ৫০০/- (পাঁচশত) টাকা অফেরতযোগ্য মূল্যে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় থেকে আবেদন ফরম সংগ্রহ করে নির্দিষ্ট ফরমে (যা নীতির পরিশিষ্ট- ‘ক’-এ উল্লেখ রয়েছে) আবেদন দাখিল করতে হবে।

৬. পূরণকৃত আবেদন ফরমটি অনলাইনে স্ক্যান করে দাখিলপূর্বক ফরমের মূল কপি ৫০০/- (পাঁচশত) টাকা জমার রশিদসহ অন্যান্য প্রিন্টেড কপির সাথে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে জমা প্রদান করতে হবে।

৭. অনলাইনে আবেদন দাখিলের শেষ সময়সীমার পরবর্তী ০৩(তিন) কার্যদিবসের মধ্যে আবেদনের সকল তথ্যাদির প্রিন্টেড কপিসহ জলমহাল ইজারার জন্য জামানতের ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মূলকপি সিলগালাকৃত মুখবন্ধ খামে প্রিন্টেড কপি উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল করতে হবে। সিলগালাকৃত খামের উপর ‘জলমহাল ইজারা প্রাপ্তির আবেদন’ কথাগুলো স্পষ্টভাবে লিখতে হবে। খামের বামপার্শ্বের নিম্নভাগে সমিতির নাম ও ঠিকানা লিখতে হবে।

৮. অনলাইনে দাখিলকৃত তথ্যাদি এবং প্রিন্টেড কপি হিসেবে দাখিলকৃত তথ্যাদির মধ্যে তারতম্য পরিলক্ষিত হলে অনলাইনের তথ্যাদি সঠিক মর্মে বিবেচিত হবে।

৯. নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে চূড়ান্তভাবে আবেদন দাখিল না করে সরাসরি উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে কোনো আবেদনকারী সমিতি জলমহাল ইজারা পাওয়ার জন্য ম্যানুয়ালি আবেদন দাখিল করলে তা সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১০. কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে দরপত্র বিজ্ঞপ্তির কোন অংশ বা সম্পূর্ণ দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

১১. সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এবং জলমহাল ইজারা সংশ্লিষ্ট আইন/আদেশ/নির্দেশ যেগুলো এখানে উল্লেখ করা সম্ভব হয়নি, সেই

আদেশ/নির্দেশ/আইনের সকল শর্তাবলি এই বিজ্ঞপ্তির ক্ষেত্রে প্রযোজ্য হবে। এছাড়া পরবর্তীতে সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত যেকোনো আদেশ/নির্দেশ এবং বিধিবিধানও আবেদনকারী মেনে চলতে বাধ্য থাকবেন।

০৫/০১/২০২৬

(আমেনা খাতুন)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
মোহনগঞ্জ, নেত্রকোণা
ফোনঃ ০২৯৯৬৬৫৩৬৩৮
e-mail: unomohonganj@yahoo.com

স্মারক নম্বর: ০৫.৪৫.৭২৬৩.০০০.৩৩.০০২.২৩(অংশ-২)-১৫ তারিখ: ০৫ জানুয়ারি ২০২৬

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ-

১. জেলা প্রশাসক, নেত্রকোণা
২. পুলিশ সুপার, নেত্রকোণা
৩. প্রশাসক, উপজেলা পরিষদ, মোহনগঞ্জ, নেত্রকোণা
৪. অফিস কপি

অনুলিপি অবগতি ও বহুল প্রচারের অনুরোধসহ প্রেরণ করা হলোঃ-

৫. উপজেলা ............................................................ কর্মকর্তা (সকল), মোহনগঞ্জ, নেত্রকোণা
৬. চেয়ারম্যান .................................................. ইউনিয়ন পরিষদ (সকল), মোহনগঞ্জ, নেত্রকোণা
৭. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা ...................................... ইউনিয়ন ভূমি অফিস, মোহনগঞ্জ,নেত্রকোণা। তাকে উক্ত বিজ্ঞপ্তিটি হাটের দিনে ঢোল সহরত ও মাইকের মাধ্যমে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
৮. সম্পাদক,.......................................................পত্রিকা। ইজারা বিজ্ঞপ্তিটি স্বল্প পরিসরে ০১ (এক) দিন তাঁর পত্রিকার ভিতরের পাতায় প্রকাশ পূর্বক পত্রিকার ০২ (দুই) কপি এ কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
৯. জনাব .........................................সদস্য, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, মোহনগঞ্জ, নেত্রকোণা
১০. জনাব..................................................,সভাপতি/সম্পাদক, .......................................................মৎস্যজীবি সমবায় সমিতি লিঃ, মোহনগঞ্জ, নেত্রকোণা
১১. নোটিশ বোর্ড
১২. অফিস কপি

০৫/০১/২০২৬

এম. এ কাদের
সহকারী কমিশনার (ভূমি)
ও
সদস্য-সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
মোহনগঞ্জ, নেত্রকোণা